

কৃষি ডিপ্লোমা কোর্সের মেয়াদ

দেশের কৃষকদের উন্নত প্রযুক্তি ও প্রয়োজনীয় কৃষি জ্ঞান দিয়ে থাকে কৃষি বিভাগের মাঠ-ময়দানে কর্মরত ২২ হাজার ডিপ্লোমা কৃষিবিদ। অন্যান্য প্রযুক্তির সাথে সাথে দিন দিন কৃষি প্রযুক্তিরও ব্যাপক পরিবর্তন হচ্ছে। অত্যাধুনিক কৃষি প্রযুক্তির সাথে তাল মিলাতে হিমসিম খেতে হচ্ছে ডিপ্লোমা কৃষিবিদদের। কারণ তাদের প্রশিক্ষণ দুই বছরের। এই স্বল্প সময়ের প্রশিক্ষণে অত্যাধুনিক অনেক এ কারণে দুই বৎসরের ডিপ্লোমা প্রয়োজনীয় বিষয় স্থান পায় না। কোর্সকে তিন বৎসরের করার প্রয়োজন চলছে অনেকদিন থেকে। বিগত সরকার আমলে সংবিধানের ৮২ অনুচ্ছেদ অনুসারে কারিগরি কৃষি শিক্ষা বিল ৮০ নামে এ সংক্রান্ত একটি বিল জাতীয় সংসদে প্রেরণ করা হয়েছিলোই কিন্তু পরিমার্জিত পরিবর্তনের কারণে তখন তা পাস হয়নি। বর্তমান সরকার আমলের সমস্যার গুরুত্ব যথেষ্ট উপলব্ধি করেছেন। গত ডিসেম্বর/৮৪ ইং তারিখে ডিপ্লোমাকোর্স তিন বৎসরে উন্নীত করার কথা ঘোষণা প্রদান করে তা বাস্তবায়নের নির্দেশ দেন। কিন্তু, দুঃখের বিষয় এই যে আজ পর্যন্ত তা বাস্তবায়িত হয়নি।

এ অবস্থায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সদস্য সরকারের কাছে একান্ত আহবেশন দেশের কৃষক সমাজ ও দেশের বহুস্তর স্বার্থে অনতিবিলম্বে প্রচলিত কৃষি ডিপ্লোমাকোর্সকে তিন বৎসরে উত্তীর্ণ করার ব্যবস্থা করা হোক।

মোঃ মোশেদুল হামিদ
ডিপ্লোমা কৃষিবিদ ৩৭৭ উত্তর
গাজীপুর টাউন ১৯।